ঝিনাইদহে প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে অংশীজনের ভূমিকা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

ঝিনাইদহে প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে অংশীজনের ভূমিকা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিস আয়োজনে শনিবার সকালে শিশু একাডেমি মিলনায়তনে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়ের সচিব আকরাম-আল-হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগীয় উপ-পরিচালক মেহেরুন নেছা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়ের উপ-প্রধান ফিরোজ উদ্দিন, উপ-সচিব মোস্তাফিজুর রহমান, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জাহাঙ্গীর আলম।

এসময় বক্তারা, জেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ডিজিটাল পদ্ধতিতে পাঠদান ও শতভাগ বাংলা উচ্চারণ শেখানোর পরামর্শ প্রদাণ করেন। সেই সাথে শিক্ষার মানোন্নয়নে শিক্ষকদের পাশাপাশি অভিভাবকদের সচেতন হওয়ার আহবান জানান।

মেপ্র/আরপি

ঝিনাইদহে শিবিরের ১১ নেতাকর্মী আটক করেছে পুলিশ

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বেথুলী গ্রাম থেকে ইসলামী ছাত্র শিবিরের ১১ নেতাকর্মীকে আটক করেছে পুলিশ।

পুলিশের দাবি, তারা বেথুলী গ্রামের আফছার উদ্দিনের বাড়ির উঠানে

গোপন বৈঠক করছিল। এসময় তাদের কাছ থেকে ২টি ককটেল, দেশীয় তৈরি অস্ত্র, ৪টি লোহার রড, ২টি ছোরাসহ লিফলেট উদ্ধার করা হয়েছে। শুক্রবার দিবা গত রাতে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, ঝিনাইদহ জেলা শিবিরের সাবেক সভাপতি উপজেলার ষাটবাড়িয়া গ্রামের শহিদুল ইসলামের ছেলে মো: শাহাবুদ্দিন ওরফে সাদ্দাম, কালীগঞ্জ উপজেলা সভাপতি মহেশ^রচাঁদা গ্রামের আব্দুল গফুরের ছেলে সোহাগ হোসেন, সাধারণ সম্পাদক কমলাপুর গ্রামের লিটন শেখের ছেলে আল আমিন হোসেন, শিবির কর্মী মাগুরা গ্রামের বাবলুর রহমানের ছেলে বিল্লাল হোসেন, হাসিলবাগ গ্রামের আলী হোসেনের ছেলে আহসান হাবীব, আব্দুল করিমের ছেলে ইব্রাহিম হোসেন, দামোদারপুর গ্রামের সোলাইমান হোসেনের ছেলে এনামুল ইসলাম ওরফে ইমন, হোসেন আলীর ছেলে মো: হাবিবুল্লাহ, পান্তাডাঙ্গা গ্রামের নাজমুস সাদাতের ছেলে নাজমুস সালেহীন, মাগুরা গ্রামের মৃত কবি বাবর আলীর ছেলে হোসাইন ওয়াইস কুরুনী ও ঘোপপাড়া গ্রামের শাহিনুর রহমানের ছেলে মো: বায়েজীদ বোস্তামী।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার বেথুলী গ্রামের একটি বাড়ির উঠান থেকে শিবিরের ১১ জন নেতাকর্মীকে আটক করা হয়েছে। নাশকতা সৃষ্টির লক্ষ্যে তারা মিলিত হয়েছিল। তাদেরকে আদালতে প্রেরণ করা হবে।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে ৭ মার্চ উপলক্ষে আওয়ামী লীগের নানা কর্মসূচী পালিত

বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণের স্মৃতি বিজড়িত ৭ মার্চ উপলক্ষে ঝিনাইদহে নানা কর্মসূচী পালন করেছে আওয়ামী লীগ।
সকালে শহরের এইচএসএস সড়কের জেলা আওয়ামী লীগের কার্যালয় চত্বর থেকে একটি র্যালী বের করা হয়।

র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে প্রেরণা একাত্তর চত্বর গিয়ে শেষ হয়। এতে আওয়ামী লীগ, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবক লীগসহ অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেয়। পরে প্রেরণা একাত্তর চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করে নেতাকর্মীরা।

এসময় জেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই, সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি শফিকুল ইসলাম অপু, এ্যাড.আজিজুর রহমান, দপ্তর সম্পাদক আছাদুজ্জামান আছাদসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। এর আগে সকালে জেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে জাতীয় এবং দলীয় পতাকা উত্তোলন করা হয়।

ঝিনাইদহে ৫ হাজার কণ্ঠে বঙ্গবন্ধুর ভাষণ পাঠ

ঝিনাইদহে ৫ হাজার শিক্ষার্থীর কন্ঠে একসাথে ধ্বনিত হলো বঙ্গবন্ধুর ৭ই মার্চের কালজয়ী ভাষণ। শনিবার সকালে শহরের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এ অনুষ্ঠানের আয়োজন করে জেলা প্রশাসন। জেলা সদরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে আসা ৫ সহস্র শিক্ষার্থীরা ক্ষুদে বঙ্গবন্ধু সেজে এই ভাষণ দেয়। তারা বঙ্গবন্ধুর মতো একই ভঙ্গিতে ১৯৭১ সালের ৭ই মার্চ তৎকালীন রেসকোর্স ময়দানে বঙ্গবন্ধুর দেওয়া ১৯ মিনিটের ভাষণ প্রদান করে।

শেষে সংক্ষিপ্ত আলোচনা সভায় জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে বক্তব্য রাখেন, জেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই, সংরক্ষিত মহিলা আসনের সংসদ খালেদা খানম, প্রাথমিক ও গণশিক্ষা সচিব আকরাম-আল-হোসেন, পুলিশ সুপার মো: হাসানুজ্জামান, জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার।

এসময় বক্তারা বলেন, আজ যারা এখানে বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করে

বঙ্গবন্ধুর ৭ই মার্চের সেই ঐতিহাসিক ভাষণ দিলো তারাই একদিন বাংলাদেশের নেতৃত্ব দেবে। তারাই বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলবে যেখানে কোন দুর্নীতি, শোষণ, নীপিড়ন থাকবে না। সোনার বাংলা গড়া ও বঙ্গবন্ধুর বার্তা বর্তমান প্রজন্মের মাঝে দিতেই আজকের এই আয়োজন।

আমঝুপিতে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে মানব উন্নয়ন কেন্দ্র মউক’র উদ্যোগে এএলআরডি’র সহযোগিতায় ৮মার্চ আন্তর্জাতিক নারী দিবস পালন উপলক্ষে আলোচনা সভা ও মানববন্ধন অনুষ্ঠিত হয়।
শনিবার সকালে মউকের হল রুমে প্রতিষ্ঠঅনের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম এর সভাপতিত্বে প্রধান আলোচক হিসাবে বক্তব্য রাখেন সাংবাদিক রফিকুল আলম।
আলোচনা সভায় আন্তর্জাতিক নারী দিবস এর তাৎপর্য তুলে ধরে আলোচনা করা হয়। নারী বন্ধব সমাজ বিনির্মানে সকলে এক সাথে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করা হয়।
আলোচনা শেষে শতাধিক নারী পুরুষের সমন্বয়ে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মউকের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মোঃ মুরাদ হোসেন।

মেপ্র/ইএম

ঝিনাইদহে ইসলামী আন্দোলনের বিক্ষোভ মিছিল সমাবেশ

ভারতে মুসলিম নির্যাতন, গণহত্যা, পবিত্র মসজিদে অগ্নিসংযোগ এবং নরেন্দ্র মোদির বাংলাদেশে আগমনের প্রতিবাদে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসাবে ইসলামী আন্দোলন বাংলাদেশ ঝিনাইদহ জেলা শাখার উদোগে বিক্ষোভ মিছিল সমাবেশ অনুষ্টিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে ঝিনাইদহ শহরের পুরাতন ডিসি র্কোট চত্বর থেকে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে সেখানে সমাবেশ অনুষ্টিত হয়।

সংগঠনের জেলা সভাপতি মাষ্টার শরিফুল ইসলামের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন, সহ-সভাপতি ডা. এইচ এম মোমতাজুল করিম, জয়েন্ট সেক্রেটারী মুফতি মাহমুদুল হাসান হুমায়ন, সাংগঠনিক সম্পাদক মাওলানা হুমায়ন কবীর, ইসলামী যুব আন্দোলনের জেলা সভাপতি মাওনালা আশরাফুল ইসলাম, ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় শুরা সদস্য মুহাঃ বদরুল আমীন, ঝিনাইদহ জেলা সভাপতি মুহাঃ রাসেল উদ্দীন।

মেপ্র/আরপি

মেহেরপুর ইজিবাইক মালিক ও চালক সমিতির বার্ষিক বনভোজন

মেহেরপুর জেলা অটো ইজিবাইক মালিক ও চালক সমিতির বার্ষিক বনভোজন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার ঝিনাইদহের ড্রীমভ্যালী পার্কে এই বনভোজনের আয়োজন করা হয়।

জেলা অটো ইজিবাইক মালিক ও চালক সমিতির সভাপতি মো: আনোয়ারুল ইসলামের নেতৃত্বে এই বনভোজনের আয়োজন করা হয়।

সাধারণ সম্পাদক মো: মফলেউর রহমান মিন্টু, সিনিয়র সভাপতি মো: পিন্টু, সহ-সভাপতি মো: মাসুদ রানা রশিদুল, কোষধ্যক্ষ মো: আব্দুল্লাহ আল মামুন রোকন, সাংগঠনিক সম্পাদক মো: বিল্লাল শেখ, সহ-সাধারণ সম্পাদক রাজু আহমেদ, আইন সম্পাদক মো: মাসুদ রানা, প্রচার সম্পাদক মো: খালেকুজ্জামান খান, ক্রীড়া ও সাংস্কৃতি বিষায়ক সম্পাদক মো: রিপন, দপ্তর সম্পাদক মো: সোহেল রানা, শ্রমিক ও সমাজ কল্যান বিষায়ক মো: খোরশেদ আলম, নির্বাহী সদস্য মো: আব্দুস সাত্তার, মো: সম্রাট আলী সেন্টু, মো: সাইফুল ইসলাম, মো: আলেক আলী, মো: মিলন রেজা, সহ মেহেরপুর সদরের সকল মালিক ও অটো চালক গণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, বনভোজনে র্যাফেল ড্র লাকী কুপনের ১ম ভাগ্যবান পেয়েছেন একটি ৩২” এলএডি কালার টিভি, এছাড়াও সর্বমোট ৩১ টি পুরষ্কার দেওয়া হয়।

মেপ্র/আরপি

আলমডাঙ্গার বেলগাছির তুরাল ডাকাত আবারো বেপরোয়া

আলমডাঙ্গার বেলগাছি গ্রামের কুখ্যাত তুলার ডাকাত আবারো বেপরোয়া হয়ে উঠেছে। একাধিক মামলার আসামী তুরাল ডাকাত গতকাল শুক্রবার সন্ধ্যায় বেলগাছি গ্রামের এক গরু ব্যবসায়ীর বাড়িতে ব্যাপক হামলা চালিয়েছে। রাজু নামের ওই গরু ব্যবসায়ীর বাড়িতে গিয়ে গোয়াল থেকে গরু ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে। এ সময় সে বাড়ির দরাজা-জানালা রাম দিয়ে কোপায়।

এলাকা সুত্রে জানা গেছে, আলমডাঙ্গার বেলগাছি গ্রামের মৃত রমজান আলীর ছেলে বহু অপকর্মের হোতা বেলগাছি গ্রামের মৃত রমাজান আলীর ছেলে তুরাল ডাকাত দুমাস আগে গ্রামের মৃত ভিকু মালিতার ছেলে গরু ব্যবসায়ী রাজুর কাছে ৫ লাখ টাকা চাঁদা দাবী করে। চাঁদার টাকা না পেয়ে সে হুমকি দিলে রাজু থানায় জিডি করে।

এ বিষয়ে জিডি করার পর তুরাল ডাকাতের স্ত্রী ও ভাই গ্রামের গন্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে আর চাঁদা চাইবেনা বলে ৫ হাজার টাকা নিয়ে আপোষ করে। আপোষের কয়েকদিন অতিবাহিত হবার পর শুক্রবার সন্ধ্যায় তুরাল ডাকাত রাজুর বাড়িতে গিয়ে আবারো চাঁদার টাকা দাবী করে বাড়িতে ব্যাপক হামলা চালিয়ে রাম দা দিয়ে জানালা দরজা কপিয়ে জখম করে বলে রাজু অভিযোগ করেছে। তার ভয়ে রাজু ও তার পরিবার ভীত সন্ত্রস হয়ে পড়েছে।

স্থানীয় সুত্রে জানা গেছে, তুরাল একজন কুখ্যাত ডাকাত। ছেলে বেলা থেকেই সে গরুসহ বিভিন্ন চুরি দিয়ে অপরাধ জগতে পর্দাপণ করে। ২০-বছর আগে শিয়ালমারী-বটিয়াপাড়ার একটি হত্যার ঘটনায় তার নামে মামলা দায়ের হয়। সে ঘটনায় জেল খেটে গত ৭বছর আগে জেল থেকে বের হয়ে এসে আবারো চুরি-ডাকাতির সাথে জড়িয়ে পড়ে। গ্রামে বোমা হামলা চালিয়ে কয়েকজনকে আহত করে। এ ঘটনায় ওই সময় তার নামে মামলা দায়ের করা হয়।

আলমডাঙ্গা থানার এসআই জিয়া ও জসিম তাকে ধরতে গেলে তুরাল পুকুরে ঝাপিয়ে পড়ে। এ সময় দুই দারোগা তাকে জীবন বাজী রেখে আটক করে। বোমা হামলার ঘটনায় দায়ের কৃত মামলায় সে জামিন নিয়ে গত ৩ মাস আগে বের হয়ে আসে। বের হওয়ার পর আবারও বেপরোয়া হয়ে পড়েছে।

অভিযোগ রয়েছে গ্রামের ৯ নং ওয়ার্ডের কয়েক জনের ছত্রছায়ায় থাকে তুরাল ডাকাত।

মেপ্র/আরপি

চুয়াডাঙ্গার কেদারগঞ্জ প্রাথমিক বিদ্যালয়ের ১৯৮১ ব্যাচের মিলনমেলা

কেদারগঞ্জ প্রাথমিক বিদ্যালয়ের ১৯৮১ সালের প্রাথমিক (৫ম শ্রেণি) ব্যাচের বন্ধুদের নিয়ে মিলনমেলা অনুষ্ঠিত হয়। গতকাল শুক্রবার দিনব্যাপী দামুড়হুদা শিবনগর ডিসি ইকো পার্কে এ মিলনমেলা

অনুষ্ঠিত হয়।

এর আগে সকাল ১০টায় চুয়াডাঙ্গা আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সামনে থেকে একটি র্যালি বের হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে তাঁরা ডিসি ইকো পার্কের উদ্দেশ রওনা হন। এ মিলনমেলার প্রধান উদ্যেক্তা ছিলেন পলাশ মাস্টার।

এ সময় আনন্দ, হৌ চৌ আর বিভিন্ন খেলাধুলায় মেতে ওঠে বন্ধুরা। এ সময় লটারি, সংগীত পরিবেশন ও পুরস্কার বিতরণ করা হয়।
এ মিলনমেলায় ১৯৮১ সালের প্রাথমিক ব্যাচের ছাত্র ও দৈনিক সময়ের সমীকরণ-এর প্রকাশক ও সম্পাদক শরীফুজ্জামান শরীফসহ ব্যাচের প্রায় ৮০ জন বন্ধু অংশগ্রহণ করেন।

এ সময় শরীফুজ্জামান শরীফ বলেন, ‘আমরা সব বন্ধু আজ ৪০ বছর পরে এক সঙ্গে মিলিত হতে পেরে খুব আনন্দিত। আমরা সবাই সবার সুখ-দুঃখের সময় এখন একসঙ্গে থাকতে পারি। আমরা দল-মত সবকিছু বাদ দিয়ে আমাদের একটা পরিচয় আমরা সবাই বন্ধু।’

অনুষ্ঠানে আগামী বছরের মিলনমেলা আয়োজনের লক্ষে পলাশকে সভাপতি ও নাজমুলকে সাধারণ সম্পাদক করে ১৯ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়।

মেপ্র/আপি

ভুল চিকিৎসায় রোগীর মৃত্যু, পোনে দু’লাখ টাকায় রফা

আলমডাঙ্গার ইউনাইটেড মেডিকেল সেন্টারে বৃহস্পতিবার দিবা গত রাতে ভুল চিকিৎসায় প্রসুতি মায়ের মৃত্যু হয়েছে। ডাক্তার সিজার করার পর সুস্থ্য হলে প্রসূতি মারাত্মক অসুস্থ হয়ে পড়লে তাকে কুষ্টিয়ায় রোফার্ড করার পর মৃত্যু হয়েছে দাবী করাও হলেও রোগীর স্বজনদের দাবী পেসার সংক্রান্ত বিষয়ে ইনজেকশন দেবার পর ক্লিনিকেই তার মৃত্যৃ হয়েছে।

এদিকে রাতে রোগীর স্বজনরা ক্লিনিকের সামনে লাশ রেখে ভুল চিকিৎসায় রোগীর মৃত্যু হয়েছে বলে বিচার দাবী করেন। এদিকে রাত ৩টা পর্যন্ত রোগীর স্বজনদের সাথে দেনদরবার করে আপোষ মীমাংসা করেছে।

জানা গেছে, আলমডাঙ্গার ইউনাইটেড মেডিকেল সেন্টারে সন্ধ্যায় কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার মালিহাদ ইউনিয়নের রায়পাড়া গ্রামের রহিদুল ইসলামের স্ত্রী ফাতেমা খাতুনের প্রসব বেদনা দেখা দিলে ভর্তি করে। ক্লিনিক মালিক নাজমুল ডাক্তারের পরামর্শে রোগীকে রাত ৮টার দিকে সিজার করানো হয়।

ডা. ইমরান হোসেন ও তার সহযোগী তুহিন অপারেশন করার পর একটি ছেলে বাচ্চার জন্ম হয়। কিন্তু প্রসূতি মাতা পেসার বেড়ে গিয়ে মারাত্মক অসুস্থ হয়ে পড়ে। পেশার কমানোর জন্য ইনজেকশন পুশ করা হলে রোগী মারাত্মক অসুস্থ হয়ে পড়েন। এ সময় তাকে এ্যাম্বুলেন্সে তুলে কুষ্টিয়ায় পাঠিয়ে দেয়া হয়। কুষ্টিয়াতে নিয়ে গেলে ডাক্তার রোগীকে মৃত বলে ঘোষনা করেন।

এদিকে রোগীর স্বজনদের দাবী ওই ক্লিনিকেই রোগীর মৃত্যু হয়। মরা রোগীকে তারা তড়িঘড়ি করে এ্যাম্বুলেন্সে তুলে দিয়েছে। এদিকে লাশ ফিরিয়ে এনে রাতে রোগীর স্বজনরা ক্লিনিকের সামনে জড়ো হয়ে ভুল চিকিৎসায় রোগীর মৃত্যুর জন্য ডাক্তার ও ক্লিনিক কর্তৃক্ষের বিচারের দাবী করেন। রাতে থানা পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতি শান্ত করে। এদিকে ক্লিনিক কর্তৃপক্ষের দাবী কার্ডিয়াক সমস্যার কারণে তার অবস্থার অবনতি দেখা দিলে তাকে কুষ্টিয়ায় রেফার করা হয়।

পরে রাতে লাশ নিয়ে রোগীর স্বজনদের বিক্ষোভ করার এক পর্যায়ে নাজমুল ডাক্তার এ ঘটনা থেকে বাঁচতে রাতে রোগীর স্বজনদের সাথে ১ লাখ ৭৫ হাজার টাকায় আপোষ রফা করেন। এ নিয়ে এলাকায় মানুষের মধ্যে নিন্দার ঝড় বইছে।

মেপ্র/আরপি